



মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণ, রক্ষণাবেক্ষণ কার্যক্রম বাস্তবায়ন অরাস্থিতকরণে গঠিত পর্যবেক্ষণ টিমের কার্যপরিধি সুচারুরূপে সম্পাদনে দিক-নির্দেশনামূলক সভার কার্যবিবরণী:


| | | |
|-----------------------------------|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ সেলিম রেজা সচিব রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬ অক্টোবর ২০২১ |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়-এর সভাকক্ষ (কক্ষ নং-৯৩০, ৯ম তলা) |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশ করা হলো। |

সভাপতি সভায় উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে মোট ৫৫টি স্টেশন মেরামত, আধুনিকায়ন এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম বাস্তবায়ন অরাস্থিতকরণে গঠিত পর্যবেক্ষণ টিমের কার্যপরিধি সুচারুরূপে সম্পাদনে দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে এ সভা আয়োজন করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ে-এর ৫৫টি স্টেশনের সুষ্ঠু ও মানসম্মত কাজ সম্পাদনের লক্ষ্যে ১০টি টিম গঠন করা হয়েছে। উক্ত টিমের সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে স্টেশনগুলো পরিদর্শনকালে Over-act না করার পরামর্শ দেন। এছাড়া, কাজ সম্পাদনের পর উক্ত কাজের মানের উপর প্রত্যয়ন প্রদানের জন্যও টিমের সদস্যদের অনুরোধ করেন। এ পর্যায়ে সভাপতি আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহ্বান জানান।

২.১ অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) সভায় জানান যে, গত ০১ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ৫৫টি রেলস্টেশনের সংশোধিত তালিকা চূড়ান্ত করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে-এর ১০জন করে মোট ২০জন কর্মকর্তার সমন্বয়ে রেলস্টেশনসমূহ সরেজমিনে তদারকির দায়িত্ব প্রদান করে ১০টি পর্যবেক্ষণ টিম গঠন করা হয়েছে। গঠিত পর্যবেক্ষণ টিমের কার্যপরিধির আলোকে সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্ত:

- ৩.১ পর্যবেক্ষণ টিম প্রতি মাসে কমপক্ষে একবার রেল স্টেশন আধুনিকায়ন/মেরামত কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন;
 - ৩.২ পর্যবেক্ষণ টিম আধুনিকায়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ যথাযথভাবে সম্পাদনে সহযোগী হিসাবে ভূমিকা পালন করবে;
 - ৩.৩ স্টেশনসমূহে বাংলাদেশ রেলওয়ে প্রয়োজনীয় ক্ষেত্রে আইল্যান্ড প্ল্যাটফর্ম নির্মাণ এবং ফুটওভার ব্রিজ নির্মাণ অন্তর্ভুক্ত করবে;
 - ৩.৪ নির্মাণ সামগ্রী/নির্মাণ কাজের গুণগত মানের বিষয়ে আপাতত দৃষ্টিতে ও অভিজ্ঞতার আলোকে পর্যবেক্ষণ টিম প্রয়োজনীয় মতামত প্রদান করবেন;
 - ৩.৫ সম্পাদিত কাজের চূড়ান্ত বিল পরিশোধের পূর্বে কাজের গুণগত মান ও সন্তোষজনক সমাপ্তির বিষয়ে টিম প্রত্যয়ন প্রদান করবেন;
 - ৩.৬ প্রধান প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম)-এর আওতাধীন উভয় অঞ্চলের সংশ্লিষ্ট বিভাগীয় নির্বাহী প্রকৌশলী/ সেতু প্রকৌশলী/সিনিয়র উপসহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী/সহকারী নির্বাহী প্রকৌশলী টিমের কাজে সহযোগিতা করবেন।
- ৪.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ সেলিম রেজা)
সচিব